২৬৪.	২৮/এ	মেজর (অবঃ) মোঃ নূর হোসেন	১২৯৬/-	২,০৮৪/-	৩৩৮০/-
২৬৫.	৮১/৪	জনাব মোঃ সোহেল	১৫৭৬/-	২,০৮৪/-	৩৬৬০/-
২৬৬.	১৯০/এ	জনাব মোঃ দিদার আলম	১০২৭/-	২,০৮৪/-	৩১১১/-

আলোচ্য বিষয়-৮: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লট সংলগ্ন খালি জায়গায় ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লট সংলগ্ন বেশ কিছু খালি জায়গা অব্যবহৃত অবস্থায় আছে। উক্ত স্থানটি বোর্ডের দখলে আনা না হলে যে কোন সময় বেদখল হয়ে যাওয়ার আশংকা আছে। উক্ত স্থানে ক্যান্টনমেন্ট বোর্ডের একটি স্টাফ কোয়ার্টার নির্মাণের বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লট সংলগ্ন খালি জায়গায় ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৯: ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং কচুক্ষেত পুরান বাজার এলাকায় পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠানের পরিসংখ্যান ও ট্রেড লাইসেন্স প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেট ও কচুক্ষেত পুরান বাজার এলাকা সরেজমিন পরিদর্শন করে দোকান/ব্যবসা প্রতিষ্ঠানের সংখ্যা, আয়তন, হালনাগাদ ট্রেড লাইসেন্স ও হোল্ডিং ট্যাক্স সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করার জন্য ২৭ অক্টোবর তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকায় ৫৯৮টি ভবনের মধ্যে ২৫টি বাণিজ্যিক ভবন এবং ৯৭টি আবাসিক ভবনে ১৮৭টি দোকান আছে, যাদের মধ্যে মাত্র ৪২টি ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স আছে। রজনীগন্ধা সুপার মার্কেটের ১০৯৪টি দোকানের মধ্যে ৭৫০টি দোকানের ট্রেড লাইসেন্স আছে এবং অবশিষ্ট ৩৪৪টি দোকান ট্রেড লাইসেন্স ব্যতিরেকে ব্যবসা পরিচালনা করছে।

সিদ্ধান্ত : কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী কচুক্ষেত পুরান বাজার এলাকার গৃহকর (Holding Tax) সরেজমিন পরিদর্শন করে পূর্ণ:মূল্যায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। যে সকল আবাসিক ভবনে ব্যবসা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে তাদের নিকট হতে ট্রেড লাইসেন্স ফি এবং বিধি মোতাবেক ট্যাক্স ধার্য করতে হবে। ৩১ জানুয়ারি, ২০১৭ এর মধ্যে ট্রেড লাইসেন্স ব্যতীত কোন ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করা হলে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১০: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে সিএস দাগ নং-৩১২ তে ০৪(চার) তলা বিশিষ্ট মার্কেট নির্মাণের নিমিত্ত ২,৪২,৩৭,০০০/- (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ সাইত্রিশ হাজার) টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন, মার্কেটে দোকান বরাদ্দ নীতিমালা এবং দোকান বরাদ্দ কমিটি সুপারিশের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত মার্কেট নির্মাণের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী বাবদ প্রাপ্ত আয় দ্বারা সংকুলান করা হবে।

আলোচনা : প্রস্তাবনাটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত একাধিক সদস্য সভাকে অবহিত করেন যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের 'সি' শ্রেণীভুক্ত ০.০৫৪৪ একর জমি অনেক দিন ধরে অবৈধ দখলে ছিল। উক্ত জমি প্রতিরক্ষা বিভাগের অনুকূলে ৩২/১৯৪৯-৫০ নং এলএ কেস এর মাধ্যমে হুকুম দখল করা হয়। পরবর্তীতে মহানগর জরিপে দাগ নং-৪১৫৩-তে ০.০১৬২৮ এক জমি মৃত ছালামত উল্লাহ মোল্লা এবং মৃত মনোয়ারা বেগমের নামে রেকর্ড হয়। অতঃপর ৪২-ক ধারা মতে চার্জ অফিসার জনাব মোঃ শামসুল আবেদীন কর্তৃক শুনানী গ্রহণ করতঃ কাগজাদি যাচায়াতে উক্ত মহানগর জরিপে দাগ নং-৪১৫৩-তে ০.০১৬২৮ একর জমির মধ্যে প্রতিরক্ষা বিভাগীয় মালিকানাধীন দাবীকৃত ০.০৫৪৪ একর জমি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুকূলে রেকর্ড ভুক্ত করা হয়। ইতোমধ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৯/৯/২০০৭ তারিখে প্রম-রীট/১১৬/২০০৭/ডি-২১/৮১৭ নং পত্র মারফত মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৬/৮/২০০৭ তারিখে স্বাক্ষরিত রীট পিটিশন নং-৫০৮০/২০০৭ এর একখানা সমন পাওয়া যায়। উক্ত মোকদ্দমার বাদী কর্তৃক সিএস-৩১৩ দাগের জমির মালিকানা দাবী করা হয়েছে। কাজেই সিএস-৩১২ নং দাগের জমিতে আদালতের কোন বিধি নিষেধ নেই। এব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ ৭/১২/২০১৬ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দাবী সিএস ৩১২ দাগের সম্পত্তি যার উপর মাননীয় উচ্চ আদালতে কোনরূপ ব্যবস্থা গ্রহণ করা হতে বিবাদীদের বারিত করেন নাই সেহেতু সিএস-৩১২ দাগের সম্পত্তির উপর নিয়ন্ত্রণ বা কোন রূপ নির্মাণ কার্য পরিচালনা করার বিষয়ে আইনগত কোন বাধা নাই মর্মে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর লিখিত মতামত প্রদান করেছেন। সেপ্রেক্ষিতে ৮/১২/২০১৬ তারিখে সিএস ৩১২ দাগের দখলী ০.০৫৪৪ একর জমি দখলমুক্ত করে টিনদ্বারা ঘেরাও করে ক্যান্টনমেন্ট বোর্ডের সম্পূর্ণ নিয়ন্ত্রনে আনা হয়েছে। উক্ত জমি খালী অবস্থায় থাকলে যে কোন সময় পুনরায় বেদখল হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। তাই উক্ত জমির দখল রক্ষা করা এবং একই সাথে ক্যান্টনমেন্ট বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট জমিতে কিছু পাকা দোকান নির্মাণ করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাকে আরও অবহিত করা হয় যে, ইতিমধ্যে উদ্ধতন কর্তৃপক্ষের সাথে মৌখিকভাবে পরামর্শক্রমে সংশ্লিষ্ট জায়গায় কিছু দোকান/মার্কেট নির্মাণ করে নির্মিতব্য মার্কেটের দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের নিমিত্তে নীতিমালা প্রণয়নের জন্য প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে মিনিটশীটের মাধ্যমে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়েছে :-

- | | | | |
|-----|--|----|--------|
| (১) | মেজর সাব্বির আহমেদ সিদ্দিকী
এসএসও-২, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | ১× প্রতিনিধি, এমইও, কেন্দ্রীয় সার্কেল
ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | জনাব মোঃ আলম খান
নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ আবুল বাশার মিয়া
হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৫) | কাজী মোঃ পেয়ার
রেভিনিউ অফিসার (অঃদাঃ), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি কর্তৃক দাখিলকৃত নীতিমালা নিম্নরূপঃ-

নীতিমালা

- ১। বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়মানুযায়ী 'ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট' দোকানসমূহ ইজারা/বরাদ্দ প্রদান করবে।
- ২। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এর রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন মার্কেটের নির্মিতব্য দোকান ১০ (দশ) বছরের জন্য বিধি মোতাবেক ইজারা/বরাদ্দ প্রদান করা হবে এবং তা প্রতি ১০(দশ) বছর অন্তর অন্তর নবায়নযোগ্য।
- ৩। প্রতিটি দোকান/স্পেস/ফ্লোর প্রথমে ১০(দশ) বছরের জন্য ইজারা/বরাদ্দ প্রদান করা হবে, যা দরপত্র আহবান করে ইজারা/বরাদ্দের ব্যবস্থা করা হবে। প্রতিটি সিডিউল এর মূল্য ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।
- ৪। দোকান বরাদ্দের আবেদনপত্রের সংগে যে কোন সিডিউল ব্যাংক হতে "ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট" এর অনুকূলে প্রাথমিক জামানত হিসেবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দিতে হবে। যে সকল আবেদনকারীর আবেদন দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে না তাদের জমাকৃত জামানত যথাসময়ে ফেরত দেয়া হবে।
- ৫। আবেদনপত্রের সংগে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ও সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র, অথবা জন্ম সনদ বা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৬। মার্কেটসমূহের দোকান ইজারা/বরাদ্দ প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত দর যাচাই/বাছাই করে দরপত্র গ্রহণ/বাতিলের নিমিত্তে সুপারিশ/মন্তব্য প্রদান করবেন।
- ৭। ইজারা/বরাদ্দকৃত দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ২য় পক্ষ অর্থাৎ ইজারা গ্রহীতা সম্মত থাকলে/আবেদন করলে ইজারা গ্রহীতা কর্তৃক দোকান বরাদ্দের সময় প্রদত্ত মোট সালামীর উপর ১০% অর্থ নবায়ন ফি বোর্ডে জমা প্রদান সাপেক্ষে পরবর্তী ১০(দশ) বছরের জন্য দোকান/স্পেস/ফ্লোর নবায়ন করা যাবে। এই নিয়মে পরবর্তী প্রতি ১০(দশ) বছর অন্তর অন্তর নবায়ন কার্যক্রম পরিচালিত হবে। ২য় পক্ষ সম্মত থাকলে বা আবেদন করলে ১ম পক্ষ অর্থাৎ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষ কোন ক্রমেই তা না করতে পারবে না। তবে সরকার/ক্যান্টনমেন্ট বোর্ডের বিশেষ প্রয়োজনে বরাদ্দকৃত দোকানের ইজারা বাতিল করা যাবে এবং দোকানের প্রদত্ত সালামী আনুপাতিক হারে ইজারা গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে।
- ৮। সংশ্লিষ্ট মার্কেটের দোকানসমূহ ইজারা প্রদানের জন্য সর্বোচ্চ দরদাতাকে ইজারা প্রদান করা হবে। সর্বোচ্চ দর প্রদানকারী/আবেদনকারী দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে তাদের দাখিলকৃত দর চূড়ান্ত অনুমোদনের পর ১৫(পনের) দিনের মধ্যে অর্ধেক টাকা এবং পরবর্তী ০১(এক) মাস অন্তর অন্তর সমান ০৩(তিন) কিস্তিতে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে। কোন ইজারা/বরাদ্দ গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে এক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ১০,০০০/- (দশ হাজার) টাকা, দুই কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং তিন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বিলম্ব ফি সহ কিস্তির টাকা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে জমাকৃত প্রাথমিক জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে এবং জমাকৃত কিস্তির টাকার উপর ১০% কর্তন করে অবশিষ্ট টাকা ২ (দুই) বছর পরে ফেরত দেয়া হবে।
- ৯। সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ২ (দুই) বছর পরে ফেরত দেয়া হবে।
- ১০। দোকান/স্পেস ইজারা/বরাদ্দে জন্য পৃথক পৃথক ডাক ও সিডিউল ত্রয় করতে হবে এবং প্রত্যেক দোকানের জন্য আলাদাভাবে দর উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে দোকান ইজারা/বরাদ্দের জন্য প্রাথমিকভাবে গঠিত কমিটি কর্তৃক যাচাইকৃত দর বোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কিস্তিতে সালামীর টাকা পরিশোধ করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ চূড়ান্ত অনুমোদনের পর সালামীর সমুদয় টাকা এবং বিধি মোতাবেক ভ্যাট ও উৎসে আয়কর পরিশোধ সাপেক্ষে দোকান/স্পেস বুঝিয়ে দেয়া হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন দোকানের দর অনুমোদন করা না হলে তার জমাকৃত জামানতসহ সমুদয় কিস্তির টাকা ফেরত প্রদান করা হবে।
- ১১। সংশ্লিষ্ট মার্কেটের দোকান/স্পেস দরপত্র দাখিলের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে বরাদ্দ/ইজারা/ভাড়া প্রদান করা হবে। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদেয় হবে।
- ১২। একই দোকান/স্পেস এর জন্য একাধিক দরদাতার দর একই হলে উভয়ের সম্মতিক্রমে লটারীর মাধ্যমে তা নির্ধারণ হবে। উক্ত সিদ্ধান্ত উভয়েই অসম্মতি জ্ঞাপন করলে তা পুনরায় দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে ইজারা প্রদান করা হবে।
- ১৩। অনুমোদিত ইজারা/বরাদ্দকৃত দোকানের মাসিক ভাড়া ১ম তলা ও ২য় তলা প্রতি বর্গফুট ১২.০০(বার) টাকা, ৩য় ও ৪র্থ তলা প্রতি বর্গফুট ১০.০০(দশ) টাকা হারে নির্ধারিত। উল্লেখ্য যে, প্রতি ০৩ (তিন) বছর অন্তর অন্তর দোকান ভাড়া পুনঃ নির্ধারণ করা হবে।
- ১৪। নির্ধারিত মাসিক ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ১১ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ টাকা) হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে। উল্লেখ্য যে, জুন মাসের ভাড়া জুন মাসের ২৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২৬ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ) টাকা হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে।

- ১৫। প্রতিটি দোকানের জন্য পৃথক বৈদ্যুতিক মিটার থাকবে যা বোর্ড কর্তৃক নির্ধারিত কোম্পানীর মিটার ইজারা গ্রহীতা কর্তৃক স্থাপন করতে হবে। মিটার অনুযায়ী ইজারা/বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে সরকার কর্তৃক ধার্য হারে বিদ্যুৎ বিল নিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে পরিশোধ করতে হবে। কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে পুনরায় সংযোগ স্থাপনের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতা কর্তৃক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সংযোগ ফি প্রদান করতে হবে।
- ১৬। মার্কেটের সকল ব্যবসায়ীকে ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।
- ১৭। মার্কেটের পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতাগণকে বোর্ড কর্তৃক ধার্যকৃত হারে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।
- ১৮। দোকান ইজারা/বরাদ্দ প্রাপ্তির পর ১৫(পনের) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প বোর্ডের সংগে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন করার পর দোকান/স্পেস হস্তান্তর হবে। হস্তান্তরের তারিখ হতে দোকান ভাড়া ও অন্যান্য ফি কার্যকর হবে এবং চুক্তিপত্র করার ব্যয় ইজারা গ্রহীতা কর্তৃক বহন করতে হবে।
- ১৯। ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকানে কোন অসামাজিক/অবৈধ/সন্ত্রাসী কার্যকলাপ পরিলক্ষিত হলে তাৎক্ষণিক দোকান ইজারা/বরাদ্দ বাতিল কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করা হবে।
- ২০। মার্কেটে ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকান হস্তান্তর/বিক্রয়ের পূর্বে অবশ্যই বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। বিক্রয়ের ক্ষেত্রে হস্তান্তর পূর্বানুমতি ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ও উত্তরাধিকার/দান এর ক্ষেত্রে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করতে হবে। নামজারী ফি বাবদ বিক্রয় হস্তান্তরের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং দান/উত্তরাধিকার ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করতে হবে।
- ২১। ইজারা/বরাদ্দ গ্রহীতা বোর্ডের পূর্বানুমতি গ্রহণ ও ১০,০০০/- (দশ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বরাদ্দকৃত দোকান ভাড়া দিতে পারবেন। ইজারাকৃত দোকান ঘর কোন অবস্থাতেই আংশিক হস্তান্তর/আংশিক ভাড়া/উপ-ভাড়া দেয়া যাবে না। ইজারা দাতার (১ম পক্ষ) পূর্বানুমতি ব্যতিরেকে ইজারা গ্রহীতা (২য় পক্ষ) দোকানের কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন বা সংশোধন করতে পারবেন না। ইজারা দাতার অনুমিত গ্রহণ পূর্বক ইজারা গ্রহীতা নিজ ব্যয়ে যাবতীয় মেরামত কাজ করতে পারবেন। বরাদ্দলাভকারী নিজ দায়িত্বে স্ব স্ব দোকানের পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল (প্রযোজ্য ক্ষেত্রে) সরাসরি পরিশোধ করবেন।
- ২২। উক্ত মার্কেটের নির্মাণ কাজ শেষে বাস্তব পরিমাপ অনুযায়ী দোকানের আয়তনের হ্রাস/বৃদ্ধি হলে সেক্ষেত্রে মূল্য সমন্বয়/পরিশোধ করতে হবে।
- ২৩। এই নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বের থাই গার্ডেন সংলগ্ন মার্কেটের দোকান/স্পেস এর ক্ষেত্রে অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।
- ২৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ডাক ও দরপত্র সিডিউল ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

সিদ্ধান্ত :

- ১০.১। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব থাই গার্ডেন সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের 'সি' শ্রেণীভুক্ত ০.০৫৪৪ একর জমিতে মার্কেট নির্মাণের নিমিত্তে গত ১৮/১২/২০১৬ইং তারিখে মিনিট শিটের মাধ্যমে নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটির ঘটনোত্তর অনুমোদন প্রদান করা হয়।
- ১০.২। সভায় সর্বসম্মতিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব সিএস দাগ নং-৩১২ তে ০৪(চার) তলা বিশিষ্ট মার্কেট নির্মাণের নিমিত্ত ২,৪২,৩৭,০০০/- (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ সাইত্রিশ হাজার) টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।
- ১০.৩। সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে নির্মিতব্য মার্কেটে দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত নীতিমালা অনুমোদন করা হলো :-

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব থাই গার্ডেন সংলগ্ন মার্কেটের দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের নীতিমালা ৪

- ১। বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়মানুযায়ী 'ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট' দোকানসমূহ ইজারা/বরাদ্দ প্রদান করবে।
- ২। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এর রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব থাই গার্ডেন সংলগ্ন মার্কেটের নির্মিতব্য দোকান ১০ (দশ) বছরের জন্য বিধি মোতাবেক ইজারা/বরাদ্দ প্রদান করা হবে এবং তা প্রতি ১০(দশ) বছর অন্তর অন্তর নবায়নযোগ্য।
- ৩। প্রতিটি দোকান/স্পেস/ফ্লোর প্রথমে ১০(দশ) বছরের জন্য ইজারা/বরাদ্দ প্রদান করা হবে, যা দরপত্র আহ্বান করে ইজারা/বরাদ্দের ব্যবস্থা করা হবে। প্রতিটি সিডিউল এর মূল্য ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।

- ৪। দোকান বরাদ্দের আবেদনপত্রের সংগে যে কোন সিডিউল ব্যাংক হতে “ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট” এর অনুকূলে প্রাথমিক জামানত হিসেবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দিতে হবে। যে সকল আবেদনকারীর আবেদন দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে না তাদের জমাকৃত জামানত যথাসময়ে ফেরত দেয়া হবে।
- ৫। আবেদনপত্রের সংগে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ও সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র, অথবা জন্ম সনদ বা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৬। মার্কেটসমূহের দোকান ইজারা/বরাদ্দ প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত দর যাচাই/বাছাই করে দরপত্র গ্রহণ/বাতিলের নিমিত্তে সুপারিশ/মন্তব্য প্রদান করবেন।
- ৭। ইজারা/বরাদ্দকৃত দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ২য় পক্ষ অর্থাৎ ইজারা গ্রহীতা সম্মত থাকলে/আবেদন করলে ইজারা গ্রহীতা কর্তৃক দোকান বরাদ্দের সময় প্রদত্ত মোট সালামীর উপর ১০% অর্থ নবায়ন ফি বোর্ডে জমা প্রদান সাপেক্ষে পরবর্তী ১০(দশ) বছরের জন্য দোকান/স্পেস/ফ্লোর নবায়ন করা যাবে। এই নিয়মে পরবর্তী প্রতি ১০(দশ) বছর অন্তর অন্তর নবায়ন কার্যক্রম পরিচালিত হবে। ২য় পক্ষ সম্মত থাকলে বা আবেদন করলে ১ম পক্ষ অর্থাৎ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষ কোন ক্রমেই তা না করতে পারবে না। তবে সরকার/ক্যান্টনমেন্ট বোর্ডের বিশেষ প্রয়োজনে বরাদ্দকৃত দোকানের ইজারা বাতিল করা যাবে এবং দোকানের প্রদত্ত সালামী আনুপাতিক হারে ইজারা গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে।
- ৮। সংশ্লিষ্ট মার্কেটের দোকানসমূহ ইজারা প্রদানের জন্য সর্বোচ্চ দরদাতাকে ইজারা প্রদান করা হবে। সর্বোচ্চ দর প্রদানকারী/আবেদনকারী দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে তাদের দাখিলকৃত দর চূড়ান্ত অনুমোদনের পর ১৫(পনের) দিনের মধ্যে অর্ধেক টাকা এবং পরবর্তী ০১(এক) মাস অন্তর অন্তর সমান ০৩(তিন) কিস্তিতে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে। কোন ইজারা/বরাদ্দ গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে এক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ১০,০০০/- (দশ হাজার) টাকা, দুই কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং তিন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বিলম্ব ফি সহ কিস্তির টাকা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে জমাকৃত প্রাথমিক জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে এবং জমাকৃত কিস্তির টাকার উপর ১০% কর্তন করে অবশিষ্ট টাকা ২ (দুই) বছর পরে ফেরত দেয়া হবে।
- ৯। সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ২ (দুই) বছর পরে ফেরত দেয়া হবে।
- ১০। দোকান/স্পেস ইজারা/বরাদ্দে জন্য পৃথক পৃথক ডাক ও সিডিউল ত্রয় করতে হবে এবং প্রত্যেক দোকানের জন্য আলাদাভাবে দর উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে দোকান ইজারা/বরাদ্দের জন্য প্রাথমিকভাবে গঠিত কমিটি কর্তৃক যাচাইকৃত দর বোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কিস্তিতে সালামীর টাকা পরিশোধ করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ চূড়ান্ত অনুমোদনের পর সালামীর সমুদয় টাকা এবং বিধি মোতাবেক ভ্যাট ও উৎসে আয়কর পরিশোধ সাপেক্ষে দোকান/স্পেস বুঝিয়ে দেয়া হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন দোকানের দর অনুমোদন করা না হলে তার জমাকৃত জামানতসহ সমুদয় কিস্তির টাকা ফেরত প্রদান করা হবে।
- ১১। সংশ্লিষ্ট মার্কেটের দোকান/স্পেস দরপত্র দাখিলের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে বরাদ্দ/ইজারা/ভাড়া প্রদান করা হবে। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদেয় হবে।
- ১২। একই দোকান/স্পেস এর জন্য একাধিক দরদাতার দর একই হলে উভয়ের সম্মতিক্রমে লটারীর মাধ্যমে তা নির্ধারণ হবে। উক্ত সিদ্ধান্ত উভয়েই অসম্মতি জ্ঞাপন করলে তা পুনরায় দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে ইজারা প্রদান করা হবে।
- ১৩। অনুমোদিত ইজারা/বরাদ্দকৃত দোকানের মাসিক ভাড়া ১ম তলা ও ২য় তলা প্রতি বর্গফুট ১২.০০(বার) টাকা, ৩য় ও ৪র্থ তলা প্রতি বর্গফুট ১০.০০(দশ) টাকা হারে নির্ধারিত। উল্লেখ্য যে, প্রতি ০৩ (তিন) বছর অন্তর অন্তর দোকান ভাড়া পুনঃ নির্ধারণ করা হবে।
- ১৪। নির্ধারিত মাসিক ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ১১ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ টাকা) হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে। উল্লেখ্য যে, জুন মাসের ভাড়া জুন মাসের ২৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২৬ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ) টাকা হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে।
- ১৫। প্রতিটি দোকানের জন্য পৃথক বৈদ্যুতিক মিটার থাকবে যা বোর্ড কর্তৃক নির্ধারিত কোম্পানীর মিটার ইজারা গ্রহীতা কর্তৃক স্থাপন করতে হবে। মিটার অনুযায়ী ইজারা/বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে সরকার কর্তৃক ধার্য হারে বিদ্যুৎ বিল নিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে পরিশোধ করতে হবে। কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে পুনরায় সংযোগ স্থাপনের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতা কর্তৃক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সংযোগ ফি প্রদান করতে হবে।



- ১৬। মার্কেটের সকল ব্যবসায়ীকে ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।
 - ১৭। মার্কেটের পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতাগণকে বোর্ড কর্তৃক ধার্যকৃত হারে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।
 - ১৮। দোকান ইজারা/বরাদ্দ প্রাপ্তির পর ১৫(পনের) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বোর্ডের সংগে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন করার পর দোকান/স্পেস হস্তান্তর হবে। হস্তান্তরের তারিখ হতে দোকান ভাড়া ও অন্যান্য ফি কার্যকর হবে এবং চুক্তিপত্র করার ব্যয় ইজারা গ্রহীতা কর্তৃক বহন করতে হবে।
 - ১৯। ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকানে কোন অসামাজিক/অবৈধ/সন্ত্রাসী কার্যকলাপ পরিলক্ষিত হলে তাৎক্ষণিক দোকান ইজারা/বরাদ্দ বাতিল কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করা হবে।
 - ২০। মার্কেটে ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকান হস্তান্তর/বিক্রয়ের পূর্বে অবশ্যই বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। বিক্রয়ের ক্ষেত্রে হস্তান্তর পূর্বানুমতি ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ও উত্তরাধিকার/দান এর ক্ষেত্রে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করতে হবে। নামজারী ফি বাবদ বিক্রয় হস্তান্তরের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং দান/উত্তরাধিকার ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করতে হবে।
 - ২১। ইজারা/বরাদ্দ গ্রহীতা বোর্ডের পূর্বানুমতি গ্রহণ ও ১০,০০০/- (দশ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বরাদ্দকৃত দোকান ভাড়া দিতে পারবেন। ইজারাকৃত দোকান ঘর কোন অবস্থাতেই আংশিক হস্তান্তর/আংশিক ভাড়া/উপ-ভাড়া দেয়া যাবে না। ইজারা দাতার (১ম পক্ষ) পূর্বানুমতি ব্যতিরেকে ইজারা গ্রহীতা (২য় পক্ষ) দোকানের কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন বা সংশোধন করতে পারবেন না। ইজারা দাতার অনুমিত গ্রহণ পূর্বক ইজারা গ্রহীতা নিজ ব্যয়ে যাবতীয় মেরামত কাজ করতে পারবেন। বরাদ্দলাভকারী নিজ দায়িত্বে স্ব স্ব দোকানের পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল (প্রয়োজ্য ক্ষেত্রে) সরাসরি পরিশোধ করবেন।
 - ২২। উক্ত মার্কেটের নির্মাণ কাজ শেষে বাস্তব পরিমাপ অনুযায়ী দোকানের আয়তনের হ্রাস/বৃদ্ধি হলে সেক্ষেত্রে মূল্য সমন্বয়/পরিশোধ করতে হবে।
 - ২৩। এই নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বের খাই গার্ডেন সংলগ্ন মার্কেটের দোকান/স্পেস এর ক্ষেত্রে অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।
 - ২৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ডাক ও দরপত্র সিডিউল ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।
- উক্ত নীতিমালা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১১: ঢাকা সিটি কর্পোরেশন এর মাধ্যমে সেনানিবাসের ময়লা-আবর্জনা অপসারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস, মিরপুর সেনানিবাস, ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর এলাকার দৈনন্দিন গৃহস্থালি বর্জ্য ক্যান্টনমেন্ট বোর্ডের নিজস্ব ব্যবস্থাপনায় সংগ্রহ করে মিরপুর সেনানিবাসের একটি ডাম্পিং এরিয়ায় ফেলা হয়। ঢাকা ও মিরপুর সেনানিবাসের কলেবর ও কার্যপরিধির সাথে সাথে জনবসতি বৃদ্ধি পাওয়ায় দৈনিক যে পরিমাণ গৃহস্থালি বর্জ্য হচ্ছে তা ডাম্পিং করার জন্য বিদ্যমান ডাম্পিং গ্রাউন্ড যথেষ্ট বলে প্রতীয়মান হচ্ছে না। উপরন্তু দৈনিক প্রায় ৬০ (ষাট) টন বর্জ্য উল্লিখিত স্থানসমূহ হতে ট্রাকে করে দিনব্যাপী পরিবহন করার ফলে সন্নিহিত এলাকার নাগরিকদের স্বাস্থ্য ঝুঁকি তৈরী করছে। এ সমস্যা নিরসনকল্পে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ব্যবস্থাদীনে ঢাকা ও মিরপুর সেনানিবাস এবং সংলগ্ন ৪টি ডিওএইচএস এর গৃহস্থালি বর্জ্য অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৯/৬/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৬৬১. ০৭.০০২.০১.০৯.০৬.১৬ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। তৎক্ষণিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার ১৮/৮/২০১৬ তারিখের ৪৬.২০৭.০০০.১২.০০.০৫.১৯৭.২০১৬-১২৪(১) নং পত্রের মাধ্যমে টন প্রতি ১,০০০.০০ (এক হাজার) টাকা সেবামূল্য পদান সাপেক্ষে বর্জ্য অপসারণের সমঝোতা স্মারক স্বাক্ষর করা যেতে পারে মর্মে জানানো হয়েছে। ঢাকা সেনানিবাসের বর্জ্য অপসারণের নিমিত্তে সিটি কর্পোরেশন কর্তৃক চাহিদাকৃত অর্থ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিশোধ করা সম্ভবপর নয় বিধায় সেনানিবাসের বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে পয়ঃ অপসারণ কর আদায় করা যেতে পারে।

সিদ্ধান্ত : ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সাথে একটি সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

আলোচ্য বিষয়-১২: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাটসমূহ বিক্রয়/হস্তান্তর অনুমতি :

ক্র নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা	ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা	মন্তব্য
১.	প্লট নং-৫৬, ফ্ল্যাট নং-৫/বি (৫ম তলা) রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব ইকবাল ইলিয়াছ সামী ও কানিজ ফাতেমা, বাড়ী নং-৫৬, ফ্ল্যাট নং-৭-বি, রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ তারিখ- ০৩/১১/২০১৬	(১) ব্রিগেঃ জেনাঃ কাজী তৌফিকুল ইসলাম, পিতা- মরহুম কাজী নুরুল ইসলাম (২) ইসরাত জাহান চৌধুরী, পিতা-আমির আলী চৌধুরী বাড়ী নং- ৭৫, শহীদ মঙ্গল রোড, ঢাকা সেনানিবাস।	০১/১২/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২ .১২১.০১.০৮.১২.১৬- ৩৪৩৬ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ২০৬০ বর্গফুট ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অধিভুক্ত/ অর্চিহিত জমিসহ) বার্ষিক গৃহকর ১১২৫০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে।

২.	প্লট নং-২৬, ফ্ল্যাট নং-৪/এ (৪র্থ তলা উত্তর-পূর্ব) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস গুলশান আরা চৌধুরী, স্বামী-সেলিম আহমেদ, বাড়ী নং-৪, রোড নং-১৩/এ, সেক্টর নং-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০। তারিখ- ১৮/১১/২০১৫	জনাব মোঃ আশরাফ উদ্দিন, পিতা- মরহুম জগত আলী মন্ডল, বর্তমান ঠিকানা-বাড়ী নং-২৯, ফ্ল্যাট নং-৩/এ, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	১৮/১০/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১৮.১০.১৬ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১০৯০ বর্গফুট ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অর্চিহিত জমিসহ) বার্ষিক গৃহকর ৯০০০/- টাকা জুন, ২০১৭ পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।
৩.	প্লট নং-৬৬/সি, ফ্ল্যাট নং-বি/২(৩য় তলা উত্তর পার্শ্ব), রোড নং-৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	প্রকৌশলী তানভিরুল হক প্রবাল, ব্যবস্থাপনা পরিচালক, বিল্ডিং ফর ফিউচার লিমিটেড, (মিসেস হাসিনা রহমত এর নিযুক্তীয় আম-মোজার), গগন শিরিষ (৩য় তলা) ৭৬ এবং ৭৬/১, পাছপথ, ঢাকা- ১২১৫। তারিখ ১৩/৬/২০১৫	জনাব মোঃ মুনতাসির মহিউদ্দিন, পিতা-মোঃ মহিউদ্দিন, বর্তমান ও স্থায়ী ঠিকানা-বাড়ী নং-১০৮, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬	২০/১০/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.০৩.০২৯.০২.২০.১০.১৬ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ২২৭২.১২ বর্গফুট ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অর্চিহিত জমিসহ) বার্ষিক গৃহকর ১৫০০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে।
৪.	প্লট নং-৬৬/সি, ফ্ল্যাট নং-বি/৩(৩য় তলা উত্তর পার্শ্ব), রোড নং-৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	প্রকৌশলী তানভিরুল হক প্রবাল, ব্যবস্থাপনা পরিচালক, বিল্ডিং ফর ফিউচার লিমিটেড, (মিসেস হাসিনা রহমত এর নিযুক্তীয় আম-মোজার), গগন শিরিষ (৩য় তলা) ৭৬ এবং ৭৬/১, পাছপথ, ঢাকা- ১২১৫। তারিখ ১৩/৬/২০১৫	জনাব জয়ন্ত নারায়ন চৌধুরী, পিতা-রথীন্দ্র নারায়ন চৌধুরী, বর্তমান ঠিকানা-বাড়ী নং-৩৯/সি, রোড নং-৫, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬	১৮/১২/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১৮.১২.১৬ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ২২৭২.১২ বর্গফুট ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অর্চিহিত জমিসহ) বার্ষিক গৃহকর ১৫০০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে।
৫.	প্লট নং-৬৭/সি, ফ্ল্যাট নং-২/সি(২য় তলা দক্ষিণ পার্শ্ব), রোড নং-৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১)লেঃ কর্ণেল (অবঃ) মোঃ মোস্তফা কামাল (২)ডাঃ আলী আসকার কোরেশী বাড়ী নং-৬৭/সি, রোড নং-৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৯/২/২০১৫	জনাব আব্দুল আলি খান পিতা-আব্দুল হাফিজ খান বাড়ী নং-৬৭/সি, রোড নং-৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	০১/৯/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.০১.০৯.১৬ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৩২০ বর্গফুট ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অর্চিহিত জমিসহ) বার্ষিক গৃহকর ৯০০০/- টাকা জুন, ২০১৭ পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৬, ৬৬/সি ও ৬৭/সি নং প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে এবং ২৬ নং প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। যে সকল প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে সে সকল প্লটে নির্মিত বাড়ীর কোন ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমোদন প্রদান সমীচীন হবে না মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্রমিক নং-২ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/এ (৪র্থ তলা উত্তর-পূর্ব) নং ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট প্লটে বরাদ্দের অতিরিক্ত জমির দখল ছাড়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্য বিষয়-১৩: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী :

ক্র নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা	গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ	ডিজিএফআইএর ছাড়পত্র /রেজিস্ট্রিকৃত হেবদলিলমূলে	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
১.	প্লট নং-৪৬, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) রোড নং-১০ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ), পিতা-মোঃ কালু মিয়া, (নিজ ও জনাব মোঃ আবু তারেক এর নিযুক্তীয় আম-মোজার) (২) জনাব মোহাম্মদ আবুল হাসনাত, (৩) জনাব মোহাম্মদ সাজেদুল হক, (৪) ডাঃ সাবরিনা নূর সর্বপিতা-লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) বাড়ী নং-৪৬, রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) রাসেল আহমেদ, পিতা-জনাব মোঃ আবদুল হামিদ এডভোকেট (২) মুরাত জাহান, পিতা-মুরহুম মোঃ হাবিবুর রহমান বাড়ী নং-৬, লেক ড্রাইভ রোড, নিকঞ্জ-০১, খিলক্ষেত, ঢাকা। তারিখ-২০/১২/২০১৬	২৭/১১/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০২.২৭.১১.১৬ নং পত্র।	৪/১২/২০১৬ তারিখের ঢাকাব্যো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-৪৬/ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব পার্শ্ব)২৯ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ২২৬০ বর্গফুট (নিচ তলায় একটি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অর্চিহিত জমিসহ) উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ১,৩৮,০০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।

২.	প্লট নং-৭২ ফ্ল্যাট নং-সি/৫(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব কোণ) রোড নং-৬ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	প্রকৌশলী মোঃ আতিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিঃ, (জনাব শেখ হাসমত আলী গং এর নিযুক্তীয় আম-মোজার) ৬৯, মহাখালী আ/এ, ঢাকা-১২১২	মেজর মোঃ মাহবুবুল আলম, পিতা-মরহুম মোঃ ফজলুর রহমান, বাড়ী নং-৭২, ফ্ল্যাট নং-সি/৫, (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব কোণ), রোড নং-৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-০৯/৫/২০১৬	১৩/১০/২০১০ তারিখের ১৩০০/৩০/৩১/নিরা পত্তা/১ নং পত্র।	০৮/১২/২০১০ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবা ৪৫৪/৭২/ফ্ল্যাট নং-৫-সি/২০ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৩৪৫ বর্গফুট (নিচ তলায় একটি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অর্চিহিত জমিসহ)। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে।
৩.	প্লট নং-২৩/বি ফ্ল্যাট নং-৫০১(৫ম তলা) রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস	মোসাঃ শিরীন আক্তার স্বামী- মোঃ ইব্রাহিম খলিল (মিসেস ফজিলাতুন নেছা গজনবী এর নিযুক্তীয় আম-মোজার) বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-৫০১, রোড নং-২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	জনাব মোঃ ইব্রাহিম খলিল, পিতা-মৃত মোঃ আবদুল ওয়াহেদ মোল্লা, বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-৫০১, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তারিখ-২৩/১০/২০১৬	০১/০৩/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০৪.০১.০ ৩.১৬ নং পত্র।	১৯৪/২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবা ৪৫৪/প্লট নং-২৩/বি/ফ্ল্যাট নং-৫০১(৫ম তলা)/৩৭ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৩৭০ বর্গফুট (নিচ তলায় একটি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অর্চিহিত জমিসহ) উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ৯০০০/- টাকা জুন, ২০১৬ পরিশোধ। অননুমোদিত নির্মান নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটসমূহ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র এবং ক্যান্টনমেন্ট বোর্ডসভার অনুমোদনক্রমে রেজিস্ট্রিকৃত দলিলমূলে সংশ্লিষ্ট ক্রেতাগণ ক্রয় করেছেন। কিন্তু ক্রমিক নং-২ ও ৩ এ উল্লেখিত ৭২ ও ২৩/বি নং প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে।

সিদ্ধান্ত : ক্রমিক নং-১ এ উল্লেখিত ৪৬ নং প্লট নির্মিত বাড়ীর বি/৫(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) নং ফ্ল্যাট রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা (১) রাসেল আহমেদ, পিতা-জনাব মোঃ আবদুল হামিদ এডভোকেট ও (২) নুসরাত জাহান, পিতা-মুরহুম মোঃ হাবিবুর রহমান এর নামে যৌথভাবে অবিভক্ত ও অর্চিহিত অবস্থায় নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৪: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০১ নং রোডের ৯ নং প্লটে নির্মিত ৬ তলা বাড়ীর ৬ষ্ঠ তলার সি/৫ নং ফ্ল্যাটটি হেবা/দানের অনুমতির বিষয়ে জনাব জমশেদ চৌধুরী ২৭/১০/২০১৬ তারিখের আবেদন উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০১ নং রোডের ৯ নং প্লটে নির্মিত ০৬ তলা বাড়ীর মালিক জনাব জামশেদ চৌধুরী, পিতা-মৃত ডঃ মফিজ চৌধুরী। উক্ত প্লটে ডেভেলপার কর্তৃক ২০টি ফ্ল্যাট বিশিষ্ট বাড়ী নির্মাণ করা হয়েছে। প্লট মালিকের মালিকানাধীন ৬ষ্ঠ তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের সি/৫ নং ফ্ল্যাটটি তাঁর বড় বোন মিসেস নিলুফার মঞ্জুর, স্বামী-সৈয়দ মঞ্জুর এলাহী, বাড়ী নং-১১৪/এ, রোড নং-১১৫, গুলশান আবাসিক এলাকা, গুলশান মডেল টাউন, ঢাকা-১২১২-কে হেবা/দানকারার অনুমতি চেয়ে ২৭ অক্টোবর ২০১৬ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত ফ্ল্যাটের বার্ষিক গৃহকর ১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা জুন ২০১৭ পর্যন্ত পরিশোধ আছে।

সিদ্ধান্ত : বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে কি না এবং অননুমোদিত নকশা মোতাবেক ভবন নির্মাণ করা হয়েছে কি না, বিস্তারিত তথ্য জানার পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আলোচ্য বিষয়-১৫: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০(ত্রিশ) বছর মেয়াদী ৯০০ বর্গফুট বিশিষ্ট ৮৯ ও ৯৪ নং প্লটের নামজারী প্রসঙ্গে।

আলোচনা : (ক) ক্যান্টনমেন্ট বাজার এলাকার সাবেক ৪ হালে ৮৯ নং শপ প্লট

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট (১.২৫ কাঠা) বিশিষ্ট সাবেক-৪ হালে ৮৯ নং প্লটটি ২/৩/১৯৭৮ তারিখে প্রকাশ্য নিলামে ২৯,০০০/-টাকা প্রিমিয়ামে হাজী সৈয়দ আলী খান এর নামে ১/৪/১৯৭৮ তারিখে হতে ৩০ বছরের জন্য ইজারা প্রদান করা হয়। উক্ত প্লটের বর্তমান রেকর্ডীয় মালিক মোঃ কাইয়ুম খান, পিতা-হাজী সৈয়দ আলী খান। ১৮/৮/ ২০০৯ তারিখে দাখিলকৃত হলফনামা/ঘোষণাপত্রে দেখা যায়, মোঃ কাইয়ুম খান গত ৮/২/২০০৮ তারিখে ইস্তেকাল করেছেন। মৃত্যুকালে তিনি এক স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা)-কে ওয়ারিশান রেখে গেছেন। সংশ্লিষ্ট প্লটের ইজারা মেয়াদ ৩১/৩/২০০৮ সালে উত্তীর্ণ হয়ে গিয়েছে। মোঃ কাইয়ুম খানের স্ত্রী মিসেস মাজেদা পারভীন গত ৩/১১/২০১৪ তারিখে ৮৯ নং প্লটের ইজারা মেয়াদ পরবর্তী ৩০ বছরের জন্য নবায়নের জন্য আবেদন করেন। আবেদনপত্রটি ০৫ জানুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ০৯ নং আলোচ্যসূচীতে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেঃ

“প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।”

পরবর্তীতে মিসেস মাজেদা পারভীন ২৩/১২/২০১৫ তারিখে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে সংশ্লিষ্ট প্লটের ইজারা মেয়াদ ৩০ বছর বৃদ্ধিসহ নামজারী করার জন্য আবেদন করেন। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস ২৩/১২/২০১৫ তারিখের ৬০৪/১/এ নং পত্রে বিষয়টি বোর্ডসভায় এজেন্ডায় অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হয়। বিষয়টি ০৩ জানুয়ারি ২০১৬ তারিখের অনুষ্ঠিত বোর্ডসভার-১০ নং আলোচ্যবিষয়ে উপস্থাপন করা হলে বোর্ড নামজারীর আবেদন অনুমোদনসহ উক্ত প্লটটি ৩০ (ত্রিশ) বছর মেয়াদে নবায়ন করা এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত প্রদান করে। উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ০৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৮৯/১৯৫ নং পত্রে মরহুম কাইয়ুম খানের স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা) এর নামে নামজারীর অনুমোদনসহ ০১ এপ্রিল ২০০৮ তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) বছর মেয়াদে নবায়নের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৩ নভেম্বর ২০১৬ তারিখের ৭/এমএলএডসি/ঢাকা/৫০১/শা-৩/৩৭ নং পত্রের সাথে প্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৩০ অক্টোবর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৪১.৬২.১৬.২৯৮ নং পত্রে সাবেক ৪ হালে ৮৯ প্লটটি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নামজারী করে বরাদ্দপত্রের কপিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

(খ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার সাবেক ৯ হালে ৯৪ নং শপ প্লট

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট (১.২৫ কাঠা) বিশিষ্ট সাবেক-৯ হালে ৯৪ নং শপ প্লটটি ০১/০৪/১৯৭৮ তারিখে প্রকাশ্য নিলামে ৩৪,০০০/-টাকা প্রিমিয়ামে জনাব মোঃ কাইয়ুম খানের এর নামে ১/৪/১৯৭৮ তারিখে হতে ৩০ বছরের জন্য ইজারা প্রদান করা হয়। উক্ত প্লটের বর্তমান রেকর্ডীয় মালিক মোঃ কাইয়ুম খান, পিতা-হাজী সৈয়দ আলী খান। ১৫/১/২০১৩ তারিখে দাখিলকৃত হলফনামা/ঘোষণা পত্রে দেখা যায়, মোঃ কাইয়ুম খান গত ৮/২/২০০৮ তারিখে ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তিনি এক স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা) ওয়ারিশান রেখে গেছেন। সংশ্লিষ্ট প্লটের ইজারা মেয়াদ ৩১/৩/২০০৮ সালে উত্তীর্ণ হয়ে গিয়েছে। মোঃ কাইয়ুম খানের স্ত্রী মিসেস মাজেদা পারভীন গত ৩/১১/২০১৪ তারিখে ৮৯ নং প্লটের ইজারা মেয়াদ পরবর্তী ৩০ বছরের জন্য নবায়নের জন্য আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ০৫ জানুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ০৯ নং আলোচ্যসূচীতে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে :-

“প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।”

পরবর্তীতে মিসেস মাজেদা পারভীন ৩০/১১/২০১৪ তারিখে সংশ্লিষ্ট প্লটের ইজারা মেয়াদ ৩০ বছর বৃদ্ধিসহ নামজারী করার জন্য আবেদন করেন। বিষয়টি ০৩ জানুয়ারি ২০১৬ তারিখের অনুষ্ঠিত বোর্ডসভার ১০ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে বোর্ড নামজারীর আবেদন অনুমোদনসহ উক্ত প্লটটি ৩০ (ত্রিশ) বছর মেয়াদে নবায়ন করা এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত প্রদান করে। উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ০৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯৪/১৫১ নং পত্রে মরহুম কাইয়ুম খানের স্ত্রী-মিসেস মাজেদা পারভীন ও তিন কন্যা যথাক্রমে (১) সুমায়রা কাইয়ুম (তামান্না), (২) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৩) নাফিজা কাইয়ুম (রিভানা) এর নামে নামজারীর অনুমোদনসহ ০১ এপ্রিল ২০০৮ তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) বছর মেয়াদে নবায়নের সর্বনয় অনুরোধ করা হয়। অতঃপর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ১৩ নভেম্বর ২০১৬ তারিখের ৭/এমএলএডসি/ঢাকা/৫০১/শা-৩/৩৭ নং পত্রের সাথে প্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৩০ অক্টোবর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৪১.৬২.১৬.২৯৮ নং পত্রে সাবেক ৪ হালে ৯৪ প্লটটি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নামজারী করে বরাদ্দপত্রের কপিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৩০ অক্টোবর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৪১.৬২.১৬.২৯৮ নং পত্রের নির্দেশনা মোতাবেক ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৯ ও ৯৪ নং প্লট দুটি উত্তরাধিকারীদের নামে নামজারী করে ইজারা নবায়নের স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৬: রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা মেজর জেনারেল হারুন আহমেদ চৌধুরী এর মালিকানাধীন মহাখালী ডিওএইচএস এলাকার ১৪২ নং বাড়ীর হোল্ডিং ট্যাক্স মওকুফ এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এলাকার ১৪২ নং বাড়ীর মালিক রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা মেজর জেনারেল(অবঃ) হারুন আহমেদ চৌধুরী, বীর উত্তম। তিনি রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা হিসেবে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগ সিটি কর্পোরেশন-১ শাখা এর গেজেটসহ উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর মওকুফ করার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : বিধি মোতাবেক মহাখালী ডিওএইচএস এর ১৪২ নং প্লটে নির্মিত বাড়ীর রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা মেজর জেনারেল হারুন আহমেদ চৌধুরীর মালিকানাধীন অংশের গৃহকর মওকুফের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৭: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৫ম তলার-২৭ নং দোকানটির ইজারা বাতিল করতঃ জমাকৃত জামানতের টাকা ফেরত প্রদানের বিষয়ে কর্ণেল এ, টি, এম, মেজবাহ উদ্দিন সেরনিয়াবাত (অবঃ) এর ২৮ নভেম্বর ২০১৬ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫ম তলার-২৭ নং দোকানটি ২৩,৯১,০০৯/- (তেইশ লক্ষ একানব্বই হাজার নয়) টাকা সালামীতে কর্ণেল এ, টি, এম, মেজবাহ উদ্দিন সেরনিয়াবাত (অবঃ)-কে সর্বোচ্চ দরদাতা হিসেবে ইজারা প্রদান করা হয়। তিনি উক্ত দোকানের সালামী বাবদ জামানতের ১,০০,০০০/- টাকা সহ মোট ৩,৯৮,৮৭৬/- (তিন লক্ষ আটানব্বই হাজার আটশত ছিয়াত্তর) টাকা পরিশোধ করেছেন। অবশিষ্ট (২৩,৯১,০০৯-৩,৯৮,৮৭৬) = ১৯,৯২,১৩৩/- (উনিশ লক্ষ বিরানব্বই হাজার একশত তেত্রিশ) টাকা পরিশোধ করার জন্য পত্র প্রদান করা হলে তিনি উক্ত দোকানের সালামীর অবশিষ্ট টাকা পরিশোধ করা সম্ভব হচ্ছে না বিধায় দোকানটির বরাদ্দ বাতির করতঃ জমাকৃত টাকা ফেরত চেয়ে ২৮ নভেম্বর, ২০১৬ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য যে, দোকান বরাদ্দের নীতিমালার-১০ নং অনুচ্ছেদে উল্লেখ আছে যে, “সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।”

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫ম তলার-২৭ নং দোকানের ইজারা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং দোকান বরাদ্দ নীতিমালার ১০ নং অনুচ্ছেদের শর্তানুযায়ী জমাকৃত জামানত বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ইজারা গ্রহীতার অনুকূলে ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৮: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৫ম তলার-২৮ নং দোকানটির ইজারা বাতিল করতঃ জমাকৃত জামানতের টাকা ফেরত প্রদানের বিষয়ে লেঃ কর্ণেল এ, টি, এম, মহিউদ্দিন সেরনিয়াবাত (অবঃ) এর ২৮ নভেম্বর ২০১৬ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫ম তলার-২৮ নং দোকানটি ২৩,১৩,৪৯২/- (তেইশ লক্ষ তের হাজার চারশত বিরানব্বই) টাকা সালামীতে লেঃ কর্ণেল এ, টি, এম, মহিউদ্দিন সেরনিয়াবাত (অবঃ)-কে সর্বোচ্চ দরদাতা হিসেবে ইজারা প্রদান করা হয়। তিনি উক্ত দোকানের সালামী বাবদ জামানতের ১,০০,০০০/- টাকা সহ মোট ৩,৮৯,১৮৬/- (তিন লক্ষ ঊননব্বই হাজার একশত ছিয়াশি) টাকা পরিশোধ করেছেন। অবশিষ্ট (২৩,১৩,৪৯২-৩,৮৯,১৮৬) = ১৯,২৪,৩০৬/- (উনিশ লক্ষ চব্বিশ হাজার তিনশত ছয়) টাকা পরিশোধ করার জন্য পত্র প্রদান করা হলে তিনি উক্ত দোকানের সালামীর অবশিষ্ট টাকা পরিশোধ করা সম্ভব হচ্ছে না বিধায় দোকানটির বরাদ্দ বাতির করতঃ জমাকৃত টাকা ফেরত চেয়ে ২৮ নভেম্বর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, দোকান বরাদ্দের নীতিমালার-১০ নং অনুচ্ছেদে উল্লেখ আছে যে, “সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।”

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫ম তলার-২৮ নং দোকানের ইজারা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং দোকান বরাদ্দ নীতিমালার ১০ নং অনুচ্ছেদের শর্তানুযায়ী জমাকৃত জামানত বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ইজারা গ্রহীতার অনুকূলে ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৯: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ২য় তলার-০৫ নং দোকানটির বিক্রয়/হস্তান্তর অনুমতির বিষয়ে গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) মোহাম্মদ আলমগীর এর ১০ নভেম্বর ২০১৬ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ২য় তলার-৫ নং দোকানটি ২৫,৮৬,৫৯৮/- (পঁচিশ লক্ষ ছিয়াশি হাজার পাঁচশত আটানব্বই) টাকা সালামীতে গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ আলমগীর (অবঃ) সর্বোচ্চ দরদাতা হিসেবে ইজারা প্রদান করা হয়। তিনি উক্ত দোকানের সালামী বাবদ মোট ১০,১৯,৯৭৫/- (দশ লক্ষ উনিশ হাজার নয়শত পঁচাত্তর) টাকা পরিশোধ করেছেন। তিনি উক্ত দোকানটি জনাব মুহাম্মদ আখতার হামিদ খান, পিতা- আব্দুল হামিদ খান, বাড়ী নং-১৩৪, রাস্তা-২২, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাসের নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ১০ নভেম্বর ২০১৬ তারিখে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : দোকান ইজারার অবশিষ্ট অর্থ এবং বিধি মোতাবেক হস্তান্তর ফি পরিশোধ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ২য় তলার-০৫ নং দোকানটি জনাব মুহাম্মদ আখতার হামিদ খান, পিতা- আব্দুল হামিদ খান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

- আলোচ্য বিষয়-২০: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলার-০৪ নং দোকানটির বিক্রয়/হস্তান্তর অনুমতির বিষয়ে লেঃ কর্ণেল নাজমুল হক(অবঃ) এর ১১ ডিসেম্বর, ২০১৬ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।
